**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি মন্ত্রণায়**
**মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।**
www.srdi.gov.bd

স্মারক: ১২.০৩.০০০০.০৩১.৯৯.০০৩.১৬-৪

তারিখ- ২১ ভাদ্র, ১৪২৬
১২-০৯-২০১৯ খ্রিঃ

**বিষয়: ১১-০৯-২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কারিগরি প্রতিবেদন প্রণয়ন কমিটির সভার অনুমোদিত কার্যবিবরনী প্রেরণ।**

১১-০৯-২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কারিগরি প্রতিবেদন প্রণয়ন কমিটির সভার অনুমোদিত কার্যবিবরনী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

ড. মোঃ আলতাফ হোসেন
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
আহ্বায়ক
বার্ষিক কারিগরি প্রতিবেদন প্রণয়ন কমিটি
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন;কৃষি খামার সড়ক, ঢাকা।
২) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উন্নয়ন বিভাগ/মৃত্তিকা পরীক্ষা বিভাগ, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
৪) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ শাখা/মৃত্তিকা ও ভূমি শ্রেণিবিন্যাস জরিপ শাখা/মৃত্তিকা জরিপ ব্যাখ্যা শাখা/কেন্দ্রীয় গবেষণাগার/উপজেলা নির্দেশিকা সেল/মৃত্তিকা কোরিলেশন শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, প্রধান কার্যালয়, ঢাকা।
৫) প্রকল্প/কর্মসূচী পরিচালক, মৃত্তিকা গবেষণা সুবিধা জোরদারকরণ (এসআরএসআরএফ) প্রকল্প/ নগর কৃষি উৎপাদন সহায়ক (পাইলট) প্রকল্প/ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের (এমএসটিএল) মাধ্যমে সরেজমিনে কৃষকের মাটি পরীক্ষার ভিত্তিতে সুষম সার সুপারিশ কাযক্রম জোরদারকরণ কর্মসূচি, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
৬) প্রকল্প পরিচালক, গোপালগঞ্জ-খুলনা-বাগেরহাট-সাতক্ষীরা-পিরোজপুর কৃষি উন্নয়ন (এসআরডিআই অংগ),
৭) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক গবেষণাগার, ঢাকা।
৮) ইনোভেশন অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯) অফিস কপি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি মন্ত্রণায়**
**মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।**
www.srdi.gov.bd

**১১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখ, রোজ বুধবার অনুষ্ঠিত মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বার্ষিক কারিগরি প্রতিবেদন প্রণয়ন কমিটির প্রথম সভার কার্যবিবরনী।**

**সভাপতি:** ড. মোঃ আলতাফ হোসেন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও আহ্বায়ক

**সভার স্থান:** প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তার অফিস কক্ষ, মৃত্তিকা ও ভূমি শ্রেণিবিন্যাস জরিপ শাখা।

**সময় ও তারিখ:** ১১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ, বেলা ৩.০০ ঘটিকা।

কমিটির সভাপতি ড. মোঃ আলতাফ হোসেন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জনাব মোঃ বাবুল হোসেন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব মোছাঃ আরিফুন্নাহার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব সরকার মোঃ রাসেল, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব ড. লুৎফর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব শারমিন আক্তার, বৈজ্ঞানিক কর্মকর্তা উপস্থিত ছিলেন।

সভার শুরুতে জনাব মোছাঃ আরিফুন্নাহার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও সদস্য সচিব সকলকে শুভেচ্ছা জানান। জনাব মোঃ বাবুল হোসেন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সভাপতির নির্দেশে সদস্যগণের মাঝে কর্মবন্টন করেন এবং প্রত্যেক সদস্য নিজ নিজ কর্মপন্থা নিয়ে আলোচনা করেন।

**আলোচ্য বিষয়-১: প্রতিবেদন প্রণয়নের কার্যক্রমের অগ্রগতি**

**আলোচনা:**

বার্ষিক করিগরি প্রতিবেদন যেহেতু একটি নির্দিষ্ট ছক অনুযায়ী হবে, নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকাশ করার একটি বাধ্যবাধকতা আছে এবং এটি প্রতিষ্ঠানের কাজের প্রতিফলন বহন করে সেহেতু এটি সময় মত সুষ্ঠভাবে সম্পাদন করা কমিটির প্রত্যেক সদস্যের কর্তব্য বলে মনে করেন কমিটির সকল সদস্য। জনাব মোঃ বাবুল হোসেন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বলেন, সকল সদস্য প্রতিবেদনের সূচী অনুযায়ী ভাগ করে তৈরি করলে পরবর্তিতে পুর্নাঙ্গ প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে তৈরি সম্পন্ন করা সহজ হবে। সকল সদস্য এতে একমত পেশ করেন। জনাব ড. লুৎফর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বলেন, প্রতিবেনটি তৈরিতে কমিটির সদস্যগনের বাহিরে অন্যান্য কর্মকর্তাদের সক্রিয় সহযোগিতা প্রয়োজন। সভার সভাপতি ড. মোঃ আলতাফ হোসেন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা বলেন, বার্ষিক কারিগরি প্রতিবেদন প্রণয়ন এসআরডিআই-এর একটি মূল (core) কাজ এবং একাজের সাথে জড়িত কারিগরি কর্মকর্তাদের জন্য নির্দিষ্ট সন্মানী থাকা প্রয়োজন। এছাড়াও কমিটির কাজে সকল শাখা প্রধানগণের সহযোগিতা আবশ্যক বলেও তিনি মনে করেন।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

| ক্রম | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১ | প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখার কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন তৈরি। | জনাব মোছাঃ আরিফুন্নাহার, এসএসও |
| ২ | জেলা ও আঞ্চলিক কার্যালয়ের কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন তৈরি। | জনাব শারমিন আক্তার, এসও |
| ৩ | কেন্দ্রীয় গবেষণাগারের কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন তৈরি। | জনাব ড. লুৎফর রহমান, এসএসও |
| ৪ | আঞ্চলিক গবেষণাগার সমূহের কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন তৈরি। | জনাব সরদার মোঃ রাসেল, এসএসও |
| ৫ | প্রকল্প ও গবেষণা কেন্দ্র সমূহের কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন তৈরি। | জনাব মোঃ বাবুল হোসেন, এসএসও |
| ৬ | কমিটির সদস্যদের উপযুক্ত সম্মানী প্রদান ও কমিটি প্রয়োজন মনে করলে যেকোন কারিগরি কর্মকর্তাকে কোপ আপ করার বিষয়ে কমিটির আহ্বায়ক পরিচালক মহোদয়ের সাথে আলোচনা করবেন। | জনাব ড. মোঃ আলতাফ হোসেন, পিএসও |

**ফলপ্রসু** আলোচনায় অংশগ্রহণের জন্য সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/৯/১৯
মোছাঃ আরিফুন্নাহার
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
সদস্য সচিব
বার্ষিক কারিগরি প্রতিবেদন প্রণয়ন কমিটি
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

১২/৯/১৯
ড. মোঃ আলতাফ হোসেন,
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
আহ্বায়ক
বার্ষিক কারিগরি প্রতিবেদন প্রণয়ন কমিটি
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট